

## ৩২. কাম অ্যান্ড ফাইট মি

সাইয়েদিনা হুদ (আঃ) এর কওম এর ব্যাপারে আল্লাহ বলছেন তাদের মত প্রভাবশালী, শক্তিশালী দুনিয়াতে আর কোন কওম আল্লাহ বানাননি। আল্লাহ তাদের দিয়েছিলেন দৈহিক শক্তি এবং প্রতিপত্তি। আদ জাতির এই শক্তির কথা আল্লাহ নিজেই আমাদের জানিয়েছেন। এই আদ জাতি যখন হুদ (আঃ) এর কোন ভালো কথাতেই কান দিলোনা আর তাদের গর্ব অহঙ্কারে বৃন্দ হয়ে থাকলো সাইয়েদিনা হুদ (আঃ) তারা যা নিয়ে অহঙ্কার করতো সেটাকেই চ্যালেঞ্জ করে বসলেন, বললেন আমি একা আর তোমরা সবাই এবং আমাকে প্রস্তুতি গ্রহণের কোন সময় দিয়োনা - "কাম অ্যান্ড ফাইট মি" পুরা একটা জাতির বিরুদ্ধে হুদ (আঃ) বললেন "আমাকে প্রস্তুতি নেবার/প্রস্তুত হবার কোন সুযোগ পর্যন্ত দিওনা, দিনে কিংবা রাতে - পারলে আমাকে পরাজিত কর!" সুবহানআল্লাহ পুরা আদ জাতি মিলে হুদ (আঃ) পরাজিত করতে পারা তো বহুত দুরের কথা - তাফসির বলছে "হুদ (আঃ) এর কেশ পর্যন্ত স্পর্শ করতে পারেনি তারা" আর তা কেন? হুদ (আঃ) কিসের ভরসায় এই চ্যালেঞ্জ দিয়েছিলেন?

হুদ (আঃ) বলেছিলেন - "ইন্নি তাওয়াক্কালতু আল্লাহ্‌হি রব্বি  
ওয়া রাব্বিকুম" আমি ভরসা করলাম আমার এবং তোমাদের  
রবের উপর!

হায়! আদ - শেষ পর্যন্ত তাদের পরিনতি কি হয়েছিলো?  
আল্লাহ তাদের ধংসের বিবরণ দিয়ে বলছেন, "তুমি তাদের  
কাউকে রক্ষা পেয়ে বেচে থাকতে দেখছো কি?"  
(আল হাক্কাহ - ৮)

আল্লাহ ওয়াদা করেছেন - তিনি কাফিরদের ধংস করেই  
ছাড়বেন, আল্লাহ ওয়াদা করেছেন তিনি তাদের পরিকল্পনা  
নস্যাৎ করেই ছাড়বেন, আল্লাহ ওয়াদা করেছেন তিনি তাদের  
কে জাহান্নামে একত্রিত করবেন

আমরা বলি, ওহে, আল্লাহর দুশমনেরা, আমরাও অপেক্ষায়  
আছি তোমরাও অপেক্ষায় থাকো - খুব শীঘ্রই আল্লাহ  
আমাদের মধ্যে ফায়সালা করে দিবেন!

